দৈনিক সংবাদ

তারিখ ... ২৪ APR 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

04

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিএসসি (পাস) পরীক্ষার ফল প্রকাশ

চট্টগ্রাম, ২৩শে এপ্রিল (বাসস)।– ১৯৮৯ সালে অনুষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিএসসি (পাস) পরীক্ষার ফল আজ ঘোষণা করা হয়েছে।

পরীক্ষায় মোট ৩ হাজার ৭শ' ৪৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এবার মধ্যে ৩০৮ জন কৃতকার্য হয়। পাসের হার শতকরা ৮ দশমিক এক

(৭-এর পাতায় দেখুন)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের

(১ম পাতার পর)

ভাগ। কৃতকার্যদের মধ্যে ৮ জন প্রথম বিভাগে, ১২২ জন দ্বিতীয় বিভাগে ও বাকীরা তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে এবার মোট ৩২টি কলেজের পরীক্ষার্থীরা অংশ নেয়।

বিশ্ববিদ্যালয় ১৯৮৮ সালে অনুষ্ঠিত বিএসসি পাস কমপ্লিমেন্টারী পরীক্ষার ফলাফলও ঘোষণা করেছে। এ পরীক্ষায় মোট ৫২৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৯৮ জন পাস করেছে।